

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

দুই মেয়রের মত বিনিময় সভা

স্মার্ট বাংলাদেশ গড়তে সিটি কর্পোরেশনগুলোতে চাই স্মার্ট বিনিয়োগ

নাগরিক সেবার মান বাড়িয়ে প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে স্মার্ট বিনিয়োগ প্রয়োজন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরীর সাথে মত বিনিময় সভায় চসিক মেয়র এ মন্তব্য করেন।

চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য লড়ছেন তা বাস্তবায়নে সিটি কর্পোরেশনগুলোকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। বিশেষ করে নিজস্ব আয় দিয়ে ব্যয় নির্বাহের চ্যালেঞ্জ মোকাবিলায় আর্থিক বিনিয়োগের ক্ষেত্রে স্মার্ট হতে হবে। চট্টগ্রামের মেয়র হিসেবে দায়িত্ব নেয়ার পরপরই নগরীর ক্রমবর্ধমান জনগণের জন্য সেবার মান বাড়াতে প্রযুক্তিনির্ভর বিনিয়োগে জোর দিচ্ছি। বিশেষ করে বর্জ্য ব্যবস্থাপনাকে উন্নত করে বর্জ্যকে সম্পদে রূপান্তরে কাজ করছি। পাশাপাশি কর আদায় প্রক্রিয়াকে ডিজিটলাইজ করার মাধ্যমে কর আদায়ের পরিমাণ বাড়িয়ে চসিককে আর্থিকভাবে স্বাবলম্বী করার চেষ্টা করছি।

দেশে “একমাত্র চট্টগ্রাম সিটি কর্পোরেশনই শিক্ষা ও স্বাস্থ্যখাতে ব্যাপক বিনিয়োগ করে যাচ্ছে। সুশিক্ষা আর সুস্বাস্থ্য অর্জন ছাড়া স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব নয়। এজন্য চট্টগ্রামের ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষা ও স্বাস্থ্যসেবা পাবার অধিকার বাস্তবায়নে লড়ছি। বর্তমানে চসিকের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ৬৫ হাজার শিক্ষার্থী পড়ছেন আর চসিক পরিচালিত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোতে গত বছর সাড়ে আট লক্ষ নাগরিক চিকিৎসাসেবা নিয়েছেন।”

সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী বলেন, চসিকের শিক্ষা ও স্বাস্থ্যখাতে বিনিয়োগের বিষয়টি আমার অনেক ভালো লেগেছে। ভবিষ্যৎ প্রজন্মকে নিয়ে চসিক মেয়রের যে দীর্ঘমেয়াদি পরিকল্পনা তা সত্যিই প্রশংসনীয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অভিজ্ঞতাকে আমি সিলেটের উন্নয়নে কাজে লাগাবো।

এসময় উপস্থিত ছিলেন চসিক প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, কউসিলর ড. নিছার উদ্দিন আহমেদ (মঞ্জু), হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মাহাম্মদ আবুল হাশেম, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, রাজস্ব কর্মকর্তা সৈয়দ শামসুল তাবরীজ, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল করিম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন, উপ-সচিব আশেক রসুল চৌধুরী (টিপু), স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

বই মেলায় বসন্ত উৎসবে মাতবে চট্টগ্রামবাসী

নগরীর জিমনেসিয়াম মাঠে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বই মেলা-২০২৩ এ আগামীকাল ১৪ ফেব্রুয়ারি বুধবার বিকালে বসন্ত উৎসব অনুষ্ঠিত হবে। এবারের বসন্ত উৎসবের অন্যতম আকর্ষণ হিসেবে দুপুর দুইটায় প্রদর্শিত হবে প্রামাণ্যচিত্র ‘টুঙ্গিপাড়ার খোকাভাই’। এছাড়া আরো থাকছে বিভিন্ন সংগঠনের বর্ণাঢ্য সাংস্কৃতিক আয়োজন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা মহিউদ্দিন শাহ আলম নিপু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার কৃষ্ণ পদ রায়। প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন চসিক প্যানেল মেয়র আফরোজা কালাম। বিশেষ আলোচক হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম মেট্রোপলিটন

পুলিশের উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) জয়নুল আবেদীন, চট্টগ্রাম প্রেস ক্লাবের সিনিয়র সহ-সভাপতি চৌধুরী ফরিদ, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মোঃ ইলিয়াস।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮